# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
প্রশাসন-২ শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

১৫ পৌষ ১৪৩২ ব.

স্মারক নম্বর- ৫৩.০৩.০০০০.০০০.০০৯.১৮.০০০৫.২৫. ৭৬২ তারিখ: ------------------
৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি.

**বিষয়: তিন দিনের রাষ্ট্রীয়ভাবে শোক পালন এবং ৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখ বুধবার নির্বাহী আদেশে সাধারণ ছুটি সংক্রান্ত প্রজ্ঞাপন প্রেরণ।**

সূত্র: (১) মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নম্বর -০৪.০০.০০০০.০০০.৪২৩.২২.০০০২.২০.২০০ তারিখ: ৩০/১২/২০২৫
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৩০; তারিখঃ ৩০/১২/২০২৫

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রীপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্রোক্ত প্রজ্ঞাপন ২টি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংঙ্গে সংযুক্ত করে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে ০২ (দুই) ফর্দ।

৩০/১২/২৫

আহম্মদ এহসান উল হান্নান
উপসচিব ও পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০৫১৩৮০
ই-মেইল: directoradmin@idra.org.bd

১. ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন/ সাধারণ বীমা কর্পোরেশন।
২. মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল বীমা কোম্পানি।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি/কার্যার্থে**

১. নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
২. পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৩. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন (বিআইএ)।
৪. সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম।
৫. উপ-পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৬. পরামর্শক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৭. সহকারী পরিচালক (সকল)/নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৮. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. কর্মকর্তা/প্রোগ্রাম অপারেটর (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
১০. কর্মকর্তা (সেবা), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (পতাকা অর্ধনমিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
১১. কম্পিউটার অপারেটর (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
১২. সদস্যগণের সহকারী (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
১৩. ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
১৪. গাড়ী চালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
১৫. অফিস সহায়ক/পরিচ্ছন্নতাকর্মী (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
১৬. অফিস কপি।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৩০, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ পৌষ ১৪৩২/ ৩০ ডিসেম্বর ২০২৫

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২৩.২২.০০০২.২০.২০০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়া চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গণতন্ত্র পুন:প্রতিষ্ঠার আন্দোলনের আপসহীন নেত্রীর মৃত্যুতে অন্তর্বর্তীকালীন সরকার গভীরভাবে শোকাহত। সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, তাঁর মৃত্যুতে আগামী বুধবার, ৩১ ডিসেম্বর ২০২৫ হতে শুক্রবার, ২ জানুয়ারি ২০২৬ পর্যন্ত রাষ্ট্রীয়ভাবে শোক পালন করা হবে।

২। রাষ্ট্রীয়ভাবে শোক পালনের কর্মসূচি হিসাবে উক্ত তিনদিন বাংলাদেশের সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা-প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

৩। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মাগফেরাতের জন্য আগামী শুক্রবার, ২ জানুয়ারি ২০২৬ বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানেও তাঁর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি অনুবিভাগ**
**বিধি-৬ শাখা**
**www.mopa.gov.bd**

স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৩০

তারিখ : ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

**প্রজ্ঞাপন**

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule 1 of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে আগামী ৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখ বুধবার নির্বাহী আদেশে এক দিনের সরকারি ছুটি ঘোষণা করিল। ছুটিকালীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকিবে।

২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বর্হিভূত থাকিবে।

(ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

৩। ব্যাংক কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

(এ.বি.এম. আবু বাকার ছিদ্দিক)
সহকারী সচিব
ফোন: ০২২২৬-৬৪১১৮৩
E-mail: reg6@mopa.gov.bd

তারিখ : ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৩০

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), ...................... (তাঁর অধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।

৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৭। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার (সকল)।
১০। জেলা প্রশাসক (সকল)।
১১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

৩০/১১/২৫

(এ.বি.এম. আবু বাকার ছিদ্দিক)
সহকারী সচিব